

প্রেস রিলিজ

০৬ আগস্ট ২০২৫

সনদধারী অদক্ষ শিক্ষার্থী কার্যত সমাজের বোঝা- বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্যের সম্মেলন কক্ষে আজ ০৬ আগস্ট ২০২৫ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় “বাংলাদেশের অদক্ষ যুব সমাজকে দক্ষ নাগরিকে রূপান্তরের” লক্ষ্য নিয়ে বাউবি ও ইউনিসেফ-এর যৌথ প্রকল্পের ওপর যুব সম্পৃক্ততা ও দক্ষতা উন্নয়ন বিষয়ে ইউনিসেফ-এর সাথে সমন্বিত কৌশলগত এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম।

বাংলাদেশের স্কুলবহির্ভূত যুবসমাজের জন্য শিক্ষাদান ও দক্ষতা উন্নয়ন কার্যক্রমে বাউবির বিশেষ ভূমিকা রাখতে হবে। ডিজিটাল রূপান্তর, মিডিয়া কমিউনিকেশন ও কার্যকর প্রচার কৌশল বিষয়ে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। প্রকল্পটি বাস্তবায়নে একটি যৌথ সময়োপযোগী কৌশল নির্ধারণের উদ্দেশ্যে বিস্তারিত আলোচনা করে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সনদধারী অদক্ষ শিক্ষার্থী কার্যত সমাজের বোঝা। খোঁজ নিলেই, দেশজুড়ে লাখ লাখ অনার্স/ মাস্টার্স ডিগ্রিধারী পাওয়া যাবে। কিন্তু সময়োপযোগী দক্ষ মানুষ পাওয়াটা খুব মুশকিল। তাই, শিক্ষার্থীদের দক্ষ করে গড়ে তুলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ইউনিসেফ বিস্তারিত এক কর্মযজ্ঞ শুরু করতে যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ইউনিসেফের “তরুণদের দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলার কৌশলগত ধারণাপত্র” উপস্থাপন অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি ইউনিসেফকে ধন্যবাদ জানিয়ে আরো বলেন, “দেশজুড়ে বিস্তৃত বাউবির নেটওয়ার্ক। প্রত্যন্ত অঞ্চলের সকল শিক্ষার্থী যেন ইউনিসেফের কারিগরি সুবিধা নিয়ে নিজেকে দক্ষ হিসেবে গড়ে তুলতে পারে সে লক্ষ্য নিয়ে আমরা এগিয়ে যেতে চাই”।

অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন, অনুষ্ঠানের সভাপতি বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাজ্জিদ ফেরদৌস ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম, ইউনিসেফের এডুকেশন স্পেশালিস্ট এমএস শামিমা সিদ্দিকী, এডুকেশন স্পেশালিস্ট, ডিজিটাল ট্রান্সফরমেশন ও এডটেক মোহাম্মদ রফিকুল ইসলাম সুজন, এডুকেশন অফিসার (শিক্ষা ও দক্ষতা উন্নয়ন- স্কুলবহির্ভূত কিশোর-কিশোরীদের) এমএস আফিয়া সুলতানা ও এডুকেশন স্পেশালিস্ট আল নূর।

স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান এর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, সকল স্কুলের ডিন, বিভিন্ন বিভাগের পরিচালকসহ ইউনিসেফের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সভায় উভয় পক্ষ—বাউবি ও ইউনিসেফ—বাংলাদেশের যুবসমাজের ভবিষ্যৎ উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণে একসঙ্গে কাজ করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮